**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় সরকার এমজিএন- রেগা প্রকল্পে চলতি অর্থবছরের এপ্রিল ও মে মাসের জন্য রাজ্যে ৮0 লক্ষ শ্রম দিবস এবং মজুরি বাবদ ৭২ কোটি ৮৯ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন করেছে।**

**(২) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রকের উদ্যোগে আগামী ১ জুন থেকে দেশজুড়ে শুরু হচ্ছে 'ক্ষেত বাঁচাও' অভিযান।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।**

**(৪) কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং এআই-চালিত সিপিগ্রামস ভয়েস চ্যাটবট ‘সমাধান দিদি’ চালু করেছেন।**

*************************************************************

**MGN-REGA:**

কেন্দ্রীয় সরকার এমজিএন- রেগা প্রকল্পে চলতি অর্থবছরের এপ্রিল ও মে মাসের জন্য রাজ্যে ৮0 লক্ষ শ্রম দিবস এবং মজুরি বাবদ ৭২ কোটি ৮৯ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন করেছে। গ্রামোন্নয়ন দপ্তর সূত্রে আজ এই খবর জানা গেছে। উল্লেখ্য, আগামী পয়লা জুলাই থেকে সারাদেশের সঙ্গে রাজ্যেও "বিকশিত ভারত কর্মসংস্থান ও জীবিকা গ্যারান্টি মিশন (গ্রামীণ)"বা ভিবি- জি রাম জি আইন ২০২৫ কার্যকর হবে। এই আইনের অধীনে প্রত্যেক ইচ্ছুক গ্রামীণ

পরিবারকে প্রতি অর্থবছরে ১২৫ দিনের মজুরি- ভিত্তিক কর্মসংস্থানের আইনি নিশ্চয়তা প্রদান করা হবে।

****************************

**Gyanesh Kumar-SIR:**

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এস.আই.আর সাংবিধানিক ও আইনি আজ্ঞা পূরণে অত্যন্ত সফল৷ আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের প্রতিনিধিত্বকারী আইনজীবীদের দ্বিতীয় জাতীয় সম্মেলনে বক্তব্য রাখার সময় তিনি একথা বলেন| মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ভারতের নির্বাচনী ব্যবস্থায় ১৮ বছর বয়সী সমস্ত নাগরিক স্বতঃপ্রণোদিত হয়ে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করছে৷ যারা অযোগ্য- যেমন মৃত, ভুয়ো, অনুপস্থিত, স্থানান্তরিত এবং বিদেশী ভোটার-তাদের পদ্ধতিগতভাবে বাদ দেওয়া হচ্ছে।

****************************

**Central minister Manohar Lal :**

কেন্দ্রীয় বিদ্যুৎ, আবাসন এবং নগর উন্নয়ন মন্ত্রী মনোহরলাল আগামীকাল রাজ্য সফরে আসছেন। তিনি আগামীকাল সকালে আগরতলা মুক্তধারা অডিটোরয়ামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠানের ১৩৪তম সংস্করণ শুনবেন৷ এরপর পিএম স্বনিধি প্রকল্পে আয়োজিত একটি অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। দুপুরে কেন্দ্রীয় মন্ত্রী আগরতলা সরকারী অতিথি শালায় এক পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন।

****************************

**National-Khet-Bachao-Abhiyan:**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে আগামী ১ জুন থেকে দেশজুড়ে চালু হচ্ছে 'ক্ষেত বাঁচাও' অভিযান। এই কর্মসূচির প্রস্তুতি খতিয়ে দেখতে আজ কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান নয়াদিল্লিতে উচ্চপর্যায়ের বৈঠক করেন ।

বৈঠকে তিনি জানান, এই অভিযানের মূল লক্ষ্য হবে সারের সুষম ও যুক্তিযুক্ত ব্যবহার, আবহাওয়ার চ্যালেঞ্জের মুখে কৃষকদের সময়োপযোগী পরামর্শ দান, পঞ্চায়েত স্তরে সক্রিয় অংশগ্রহণ এবং সরকারি প্রকল্পগুলির সুবিধা সরাসরি গ্রাম পর্যন্ত পৌঁছে দেওয়া।

বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কৃষিমন্ত্রী বলেন, আগামী দিনে আবহাওয়া সংক্রান্ত যে সমস্ত উদ্বেগের কথা বলা হয়েছে, তার পরিপ্রেক্ষিতে কৃষকদের বাস্তবসম্মত পরামর্শ দেওয়া হবে। তারা কী করবেন, কী করবেন না, কোন ফসল চাষ করবেন, কোথায় ফসলের বৈচিত্র্যায়ন ঘটাবেন এবং কম জল বা ঝুঁকির পরিস্থিতিতে কোন বিকল্পগুলি বেছে নেওয়া ভালো হবে-এই সমস্ত বিষয়ে কৃষকদের খেত-স্তরে গিয়ে পরিস্থিতি অনুযায়ী সুনির্দিষ্ট পরামর্শ দেওয়া হবে।

তিনি জানান, এই অভিযানকে কেবল কোনো একটি সরকারি দপ্তরের গণ্ডির মধ্যে সীমাবদ্ধ রাখা হবে না। এর জন্য বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের কাছে অনুরোধ জানানো হবে। পাশাপাশি মন্ত্রী, সাংসদ, বিধায়ক এবং অন্যান্য জনপ্রতিনিধিদের অংশগ্রহণও সুনিশ্চিত করার চেষ্টা করা হবে।

*****************************

**12 Years of NDA Govt.-Kailashahar:**

→বিকশিত ভারত কি অমৃতকাল, সেবা সুশাসন ও গরীব কল্যানে বারো বছর" ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রের NDA সরকারের ১২

বছর পূর্তি উপলক্ষ্যে এক কর্মশালা আজ কৈলাশহরস্থিত BJP জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, BJP'র প্রদেশ কমিটির সম্পাদক তথা রাজ্য OBC কমিশনের চেয়ারম্যান তাপস মজুমদার, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, দলের জেলা সভাপতি বিমল কর প্রমুখ।

বিজেপি'র প্রদেশ সম্পাদক তাপস মজুমদার জানান, NDA সরকারের **১২** বছর পূর্তি উপলক্ষে আগামী ৫ই জুন থেকে **২১**শে জুন পর্যন্ত রাজ্য জুড়ে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে৷ এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

******************************

**Kendriya Vidyalaya-Udaipur :**

উদয়পুরের গোমতী জেলা পলিটেকনিক কলেজের কমপ্লেক্সে নতুন কেন্দ্রীয় বিদ্যালয় খোলার নির্দেশিকা জারি করেছে কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন। চলতি ২০২৬-২৭ শিক্ষা বর্ষ থেকেই এই বিদ্যালয়ে পঠন পাঠন শুরু হবে৷ প্রাথমিকভাবে বিদ্যালয়টিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়াশোনা শুরু হবে। প্রতিটি শ্রেণিতে একটি করে সেকশন থাকবে। আগামী এক মাসের মধ্যে মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তির কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। উল্লেখ্য, ২০২৪ সালের ডিসেম্বর মাসে ভারত সরকার সারা দেশে ৮৫টি নতুন কেন্দ্রীয় বিদ্যালয় অনুমোদন করেছিল, এটি তারই একটি অংশ।

******************************

**Khowai-DM:**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সম্ভাব্য রাজ্য সফরকে আজ খোয়াই জেলাশাসক রজত পান্থ-এর পৌরোহিত্য জেলা প্রশাসন কার্যালয়ের এক বৈঠক অনুষ্ঠিত হয়|

এই বৈঠকে হলে প্রাণবন্ত গ্রাম কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়| সীমান্ত গ্রামগুলোর রাস্তাঘাট, পরিকাঠামোর উন্নয়ন, পর্যটন ইত্যাদি বিষয়ে জেলাশাসক বিভিন্ন লাইন ডিপার্টমেন্ট এবং ভারতীয় সীমান্ত বাহিনীর কাছ থেকে সমস্ত তথ্য সংগ্রহ করেন|

অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর ১০৪ এবং ৭০ ব্যাটেলিয়ানের আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরাগন বৈঠকে উপস্থিত ছিলেন| উল্লেখ্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ৫ই জুন রাজ্য সফরে আসতে পারেন বলে কথা রয়েছে|

*****************************

**Samadhan Didi:**

কর্মী, জন অভিযোগ ও পেনশন বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ নয়াদিল্লিতে এআই-চালিত সিপিগ্রামস ভয়েস চ্যাটবট 'সমাধান দিদি' চালু করেছেন। প্রশাসনিক সংস্কার ও জন অভিযোগ বিভাগ ভাষিণীর সহযোগিতায় এটি তৈরি করেছে। ডঃ জিতেন্দ্র সিং 'সমাধান দিদি'-কে সরকারের অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার গণতান্ত্রিকীকরণের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বর্ণনা করেছেন।

সমাধান দিদি হলো একটি ভয়েস-ভিত্তিক, বহুভাষিক অভিযোগ নথিভুক্তকরণ সহায়ক, যা বুদ্ধিমান এআই-ভিত্তিক শ্রেণিবিন্যাসের মাধ্যমে নাগরিকদের দ্রুত ও দক্ষতার সাথে উপযুক্ত বিভাগ বা কর্তৃপক্ষের সাথে সংযোগ স্থাপন করতে সাহায্য করে। নাগরিকরা একাধিক ভারতীয় ভাষায় ভয়েস বা টেক্সটের মাধ্যমে অভিযোগ নথিভুক্ত করতে পারেন, যা অভিযোগ নিষ্পত্তিকে আরও দ্রুত, স্মার্ট এবং সহজলভ্য করে তোলে। প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে, চ্যাটবটটি অভিযোগটি বিশ্লেষণ করে একটি বিভাগ নির্ধারণ করে দেবে, যার ফলে

নাগরিকদের আর নিজে থেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ এবং অভিযোগের বিভাগ নির্বাচন করার প্রয়োজন হবে না।

******************************

**CBI Court :**

আর্থিক প্রতারণা মামলায় আজ এক চিটফান্ড সংস্থার তিন আধিকারিককে কারাদন্ডের সাজার ঘোষণা করেছে পশ্চিম জেলার বিশেষ সিবিআই আদালত। সিবিআই এর আইনজীবী প্রসেনজিৎ সাহা জানান, প্রগতিশীল ইনফ্রা প্রজেক্টস অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের বিরুদ্ধে ২০১৩ সালে মামলা হয়েছিল। সিবিআই এই মামলায় সংস্থার চেয়ারম্যান অরিন্দম দাস, দীপশিখা চক্রবর্তী দাস এবং ম্যানেজিং ডিরেক্টর পরিতোষ দাসের বিরুদ্ধে আদালতে চার্জশিট দেয়। তিনি জানান, প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা রাজ্যের সাধারন নাগরিকদের কাছ থেকে প্রলোভন দেখিয়ে নিয়ে পালিয়েছিল অভিযুক্তরা। আজ বিশেষ সিবিআই আদালত তাদের তিনজনকে ছয় বছরের কারাদন্ড এবং ১৬ লক্ষ টাকা জরিমানা করেছে। এছাড়া সংস্থার সম্পত্তি বিক্রি করে আমানতকারীদের টাকা ফিরিয়ে দিতে উনকোটি জেলার জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে বলে শ্রী সাহা জানিয়েছেন।

******************************

**World Tobacco Free Day:**

আগামীকাল বিশ্ব তামাকমুক্ত দিবস।এই উপলক্ষে আজ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এর উদ্যোগে বামুটিয়া ব্লকের অন্তর্গত বেরিমুড়া গ্রামে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে কলেজের প্রায় ১৫০ জন ডাক্তারি পড়ুয়া ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। তারা গ্রামে বাড়ি বাড়ি গিয়ে

তামাক ও তামাকজাত দ্রব্য সেবনের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সাধারণ মানুষকে অবহিত করেন।

****************************

**Weather :**

ভারতের আবহাওয়া বিভাগ জানিয়েছে, আগামী চার থেকে পাঁচ দিনের মধ্যে কেরলম ও তামিলনাড়ুর কিছু অংশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু পৌঁছানোর জন্য বায়ুমণ্ডলীয় পরিস্থিতি ক্রমশ অনুকূল হচ্ছে। বর্তমানে দক্ষিন-পশ্চিম মৌসুমী বায়ু আরব সাগর ও বঙ্গোপসাগরের কিছু অংশে অগ্রসর হয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে৷ আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস।

****************************